অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মহামারী পরবর্তী যাত্রীসংখ্যা এবং OMNY রেকর্ড ঘোষণা করলেন

মেট্রো-নর্থ রেলরোড মঙ্গলবার, 11 অক্টোবর রেকর্ড 193,000 যাত্রী বহন করেছে

সাবওয়ে মহামারীর সপ্তাহান্তের রেকর্ড করেছে শনিবার, 8 অক্টোবর, 2.396 মিলিয়ন যাত্রী নিয়ে

সাবওয়ে OMNY সপ্তাহান্তে রেকর্ড 1.071 মিলিয়ন ট্যাপে পৌঁছেছে শনিবার, 8 অক্টোবর

লং আইল্যান্ড রেল রোডের যাত্রী সংখ্যা হয়েছে 203,000

অ্যাক্সেস-এ-রাইড মহামারী সময়ের রেকর্ড করেছে বৃহস্পতিবার, 6 অক্টোবর, 28,500টি যাত্রা বুক করে

প্রতিদিনের যাত্রীসংখ্যার ডেটা দেখুন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) মেট্রো-নর্থ রেলরোড (Metro-North Railroad) গতকাল, মঙ্গলবার, 11 অক্টোবর একটি মহামারী সময়কালের যাত্রীসংখ্যার রেকর্ড করেছে 193,000 জন্য যাত্রী নিয়ে, যা মঙ্গলবার, 20 সেপ্টেম্বরের পূর্বের রেকর্ড ভেঙ্গে দেয়। পাশাপাশি, শনিবার, 8 অক্টোবর, নিউ ইয়র্ক সিটি সাবওয়ে 2,396,000 যাত্রী বহন করেছে যা প্রাক-মহামারী পর্যায়ের 73.4 শতাংশ, এটি এর দুই সপ্তাহ আগে হওয়া মহামারী সপ্তাহান্তের 2,388,000 যাত্রীসংখ্যার রেকর্ড ভেঙ্গে দেয়। সাবওয়ে ওয়ান মেট্রো নিউ ইয়র্ক (One Metro New York, OMNY) এছাড়াও সেইদিন 1,071,000 মিলিয়ন ট্যাপ নিয়ে সপ্তাহান্তের রেকর্ড করেছে।অ্যাক্সেস-এ-রাইডও (Access-A-Ride) মহামারী সময়ের রেকর্ড করেছে বৃহস্পতিবার, 6 অক্টোবর, 28,500টি যাত্রা বুক করে, যা প্রাক-মহামারী পর্যায়ের আনুমানিক 90 শতাংশ।

"আমি অত্যন্ত খুশি যে নিউ ইয়র্কবাসীরা যাত্রীসংখ্যার রেকর্ড ভেঙ্গে চলেছে এবং এই গতিবেগ আমাদেরকে কোথায় নিয়ে যা তা দেখতে আমি উৎসুক," **গভর্নর হোকল বলেন।** "গণপরিবহন

নিউ ইয়র্ক সিটি ও স্টেটে যাতায়াতের জন্য শুধু পরিবেশবান্ধব ও সাশ্রয়ী উপায় নয়, বরং এটি নিউ ইয়র্কের সকল সুযোগসুবিধা উপভোগ করার সেরা উপায়ও।"

মেট্রো-নর্থের প্রেসিডেন্ট ও লং আইল্যান্ড রেল রোডের (Long Island Rail Road, LIRR) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ক্যাথেরিন রিনাল্ডি বলেন, "এই সংখ্যাগুলি আমরা যা ইতিমধ্যেই জানি তারই প্রমাণস্বরূপ: ব্রঙ্কস বা নর্দার্ন সাবার্বে যাত্রা করা মানুষের জন্য, বা কাইনেটিকাটের পূর্বে যাওয়ার জন্য, মেট্রো-নর্থই সেরা উপায়। এবং যেহেতু 2009 সালের পর প্রথমবারের মতো ইয়াঙ্কিরা ওয়ার্ল্ড সিরিজ জেতার পথে রয়েছে, তাই ইয়াঙ্কি ভক্তরা জানে যে স্টেডিয়ামে হোম গেম দেখতে যাওয়ার দ্রুততম, সবথেকে সস্তা ও সব থেকে নিরাপদ উপায় হলো গণপরিবহন।"

নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের (New York City Transit) প্রেসিডেন্ট রিচার্ড ড্যাভি বলেন, "নিউ ইয়র্ক সিটি পুনরায় গর্জন করছে এবং সপ্তাহান্তের ব্যস্ত ট্রেনগুলি তাই প্রমাণ করে। গণপরিবহন হলো শহরে যাতায়াতের জন্য দ্রুততম, সহজতম এবং সর্বাধিক পরিবেশগতভাবে সচেতন এবং ব্যয়সাশ্রয়ী উপায়, এবং আমরা দেখছি যে প্রতিদিন আরো বেশি মানুষ সেই সুযোগ গ্রহণ করছে। যাত্রীরা সপ্তাহান্তে এবং পুরো সপ্তাহজুড়ে কাজ, স্কুল, বা বিনোদন, তাদের যেখানেই যাওয়া প্রয়োজন তার জন্য গণপরিবহনের উপর নির্ভর করে।"

MTA প্রধান অ্যাক্সেসিবিলিটি কর্মকর্তা কিউমুয়েল আরিও বলেন, "যখন নিউ ইয়র্কের পুনরুদ্ধার চলছে, তখন MTA অক্ষমতাসহ যাত্রীদের জন্য একটি মসৃণ ও আরামদায়ক যাত্রার অভিজ্ঞতা তৈরির জন্য নেতৃত্ব প্রদান করছে। বরোগুলিতে যাতায়াত করতে হবে এমন নিউ ইয়র্কবাসীরা MTA-র উপর নির্ভর করতে পারে নিজেদের গন্তব্যে পৌঁছানোর জন্য এবং সাম্প্রতিক রেকর্ড ইঙ্গিত করে যে আমরা সঠিক পথে রয়েছি।"

MTA-র অন্তর্বর্তীকালীন প্রধান গ্রাহক কর্মকর্তা শানিফা রিয়েরা বলেন, "OMNY হলো ট্রানজিট যাত্রীদের জন্য তাদের সাবওয়ে ও বাসের ভাড়া পরিশোধ করার দ্রুততম এবং সর্বাধিক দক্ষ উপায় এবং গত সপ্তাহান্তের রেকর্ড প্রদর্শন করে যে বহুসংখ্যক নিউ ইয়র্কবাসীরা ট্যাপ করে যাচ্ছে। আমরা গ্রাহকদের স্পর্শবিহীন পেমেন্ট ব্যবস্থার স্বাচ্ছন্দ্যের সুযোগ নিতে উৎসাহিত করছি, সেই উপায়ে যা তাদের জন্য সবথেকে সুবিধাজনক, যা হতে পারে একটি স্মার্ট ডিভাইসের ওয়ালেট দিবে বা স্পর্শবিহীন কার্ড দিয়ে।"

মঙ্গলবার, 11 অক্টোবর, সাবওয়েয়ের জন্য 3,642,000 যাত্রী বহন করার আরেকটি জোরালো দিন ছিলো, এবং বাস যাত্রীদের করলে, সেইদিন নিউ ইয়র্ক সিটি ট্রানজিট 5 মিলিয়নের সামান্য কম নিউ ইয়র্কবাসীদের বহন করেছে।

OMNY বা ওয়ান মেট্রো নিউ ইয়র্ক (One Metro New York) 2019 সালে 19টি সাবওয়ে স্টেশনে এবং স্ট্যাটেন আইল্যান্ডে বাসগুলোতে পাইলট পর্যায়ে জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়। স্পর্শবিহীন ব্যবস্থা কার্যকর করার কাজ শেষ হয়েছে 2020 সালের ডিসেম্বর মাসে, 472টি সাবওয়ে স্টেশনের প্রতিটি এবং MTA-র 5,800 বাস ফ্লিটের সবগুলিতে মিলিয়ে এখন আনুমানিক 15,000 OMNY রিডার রয়েছে।

কর্তৃপক্ষ এই বছরের শুরুতে সাবওয়ে ও বাসে OMNY ভাড়া কর্তনের পাইলট শুরু করেছে। ভাড়া কর্তনের পাইলটে রয়েছে একটি "লাকি 13" ফিচার যেখানে প্রতি সপ্তাহের 13তম যাত্রা থেকে শুরু হয়ে, এর পরের বাকি সপ্তাহের প্রতিটি সাবওয়ে বা বাস যাত্রা বিনামূল্যে হয়।

লং আইল্যান্ড রেল রড মঙ্গলবার 203,000-র বেশি গ্রাহক বহন করেছে, যা এই মাসে তৃতীয়বারের মতো এবং 1 সেপ্টেম্বর, বৃহস্পতিবার থেকে ষষ্ঠবারের মতো 200,000 যাত্রীর সংখ্যা পার করলো।

কমিউটার রেলের ক্ষেত্রে,LIRR এবং মেট্রো-নর্থ উভয় ছাড় প্যাকেজে প্রদান করে যাচ্ছে, যার মধ্যে রয়েছে মাসিক পাশের ক্ষেত্রে 10 শতাংশ ছাড়, এবং হাইব্রিড কাজের সময়সূচির জন্য তৈরি একটি নতুন 20-যাত্রার টিকেট। নতুন 20-ট্রিপের টিকিটটি যাত্রীদের সাধারণ ব্যস্ত সময়ে ওয়ান-ওয়ে ভাড়ায় 20 শতাংশ সাশ্রয় করে। পাঁচটি বরোতে যাতায়াতকারী কমিউটার রেলের যাত্রীদের জন্য, MTA এছাড়াও সিটি টিকেট (City Ticket) সম্প্রসারিত করেছে, যা সপ্তাহান্তে নিউ ইয়র্ক সিটির জন্য রেল যাত্রার ক্ষেত্রে একটি হ্রাসকৃত, নির্ধারিত 5.00 মার্কিন ডলার ভাড়া প্রদান করে, যেখানে সপ্তাহ চলাকালীন ব্যস্ত নয় এমন সময়ের সকল ট্রেন অন্তর্ভুক্ত করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418